# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

## অফিস আদেশ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন কমিউনিটি সেন্টার/নাট্যমঞ্চ/মিলনায়তনসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার নীতিমালা ঃ

(১) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মালিকানাধীন সকল কমিউনিটি সেন্টার/নাট্যমঞ্চ/মিলনায়তন সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের অধীনে এবং আনিক এর ব্যবস্থাপনায় পরিচালিত হবে। সংশ্লিষ্ট সমাজকল্যাণ কর্মকর্তা/সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা এবং কেয়ারটেকার সংশিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার সার্বিক দিক নির্দেশনায় স্থানীয়ভাবে কমিউনিটি সেন্টার /নাট্যমঞ্চ/মিলনায়তন পরিচালনা করবেন। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার অনুমোদনক্রমে সংশিষ্ট কেয়ারটেকার, বিদ্যুৎ, পানি, গ্যাস, এসি, ভ্যাট ইত্যাদিসহ ভাড়ার টাকা আদায়পূর্বক বুকিং রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা প্রত্যেকটি বুকিং এর বিপরীতে প্রতিস্বাক্ষর করবেন। কেয়ারটেকার আদায়কৃত অর্থ সমাজকল্যাণ কর্মকর্তা ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষরে চালানের মাধ্যমে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে ব্যাংকের সংশিষ্ট খাতে জমা প্রদান করবেন। অঞ্চলের সমাজকল্যাণ কর্মকর্তা প্রতি মাসে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরে প্রতিটি কমিউনিটি সেন্টার/ নাট্যমঞ্চ/মিলনায়তনের আয়-ব্যয়েরপ্রতিবেদন নির্ধারিত ছকে( অনুষ্ঠানের সংখ্যা, পানি, বিদ্যুৎ, গ্যাস এসি ও ভ্যাট বাবদ আদায় এবং প্রতিবেদনের সংশ্লিষ্ট সেন্টার/মঞ্চ/মিলনায়তনের উক্ত মাসের বেতন-ভাতা, পানি,বিদ্যুৎ,গ্যাস ইত্যাদি বাবদ খরচ) সচিব বরাবর এবং অবগতির একটি কপি প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন।

(২) কেয়ারটেকারগণ অফিস চলাকালীন সময় ছাড়াও অনুষ্ঠান চলাকালীন সময়ে কমিউনিটি সেন্টার /নাট্যমঞ্চ/মিলনায়তনে উপস্থিত থাকবেন।

(৩) কমিউনিটি সেন্টার/নাট্যমঞ্চ/মিলনায়তনসমূহ দু'বেলা ভাড়া দেয়া যাবে। দিনের বেলায় ব্যবহারকারীগণ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা এবং রাতের বেলায় ব্যবহারকারীগণ বিকাল ৪.০০ঘটিকা থেকে রাত্রি ১২.০০ঘটিকা পর্যন্ত মোট ৮(আট) ঘন্টা ব্যবহার করতে পারবেন । ব্যবহারকারীগণ ৮ ঘণ্টার বেশী ব্যবহার করলে পরবর্তী সময়ের জন্য তাদেরকে সম্পূর্ন ভাড়া প্রদান করতে হবে। এ ক্ষেত্রে হিন্দু সম্প্রদায় তাদের বিবাহ লগ্ন অনুযায়ী ৮ ঘন্টার শিফট অনুযায়ী রাত্রি বেলায় লগ্ন অনুযায়ী অতিরিক্ত ভাড়ার বিনিময়ে অনুমতির বিষয়টি কর্তৃপক্ষ বিবেচনা করতে পারেন।

(৪) বুকিং এর সময়ে মূল ভাড়ার সাথে একই সময়ে মূল ভাড়ার ৫০% অর্থ জামানত হিসেবে অগ্রীম প্রদান করতে হবে। কমিউনিটি সেন্টার/ নাট্যমঞ্চ/মিলনায়তন ব্যবহারকারীগণ কর্তৃক প্রতিষ্ঠানের কোন ক্ষতি হলে ক্ষতির সমপরিমাণ অর্থ জামানত থেকে কর্তন করা হবে।

(৫) কমিউনিটি সেন্টারগুলো সাধারণত বিবাহ, বৌভাত, খাৎনা, জন্মবার্ষিকী, মৃত্যুবার্ষিকী, সাংস্কৃতিক অনুষ্ঠান, নাটক, সেমিনার সিম্পোজিয়াম ও অন্যান্য সামাজিক অনুষ্ঠানাদিতে ব্যবহার করা যাবে। উল্লেখিত অনুষ্ঠান ও করপোরেশনের নিজস্ব কার্যক্রম ব্যতীত অন্য কোন প্রকারের অনুষ্ঠানের ক্ষেত্রে মাননীয় মেয়র/প্রশাসক এর অনুমতি ব্যতিরেকে পরিচালনা করা যাবে না।

(৬) কর্পোরেশনের পরিচালনাধীন কমিউনিটি সেন্টারগুলোতে ডেকোরেটরদের কোন অফিস থাকবে না এবং ডেকোরেটরগণ মালামাল রাখার জন্য কোন কক্ষ ব্যবহার করতে পারবে না। নাট্যমঞ্চ/মিলনায়তনে নিজস্ব চেয়ার/বসার ব্যবস্থা ব্যতীত আলাদা কোন চেয়ার, টেবিল ইত্যাদি ও খাদ্য পরিবেশন করা যাবে না।

(৭) কমিউনিটি সেন্টারগুলোতে ডেকোরেশনের বিষয়টি সম্পূর্ন উন্মুক্ত থাকবে। কমিউনিটি সেন্টার ভাড়ায় ব্যবহারকারীগণ তাদের পছন্দমত যে কোন ডেকোরেটর দিয়ে তাদের অনুষ্ঠানাদির কাজ সম্পন্ন করতে পারবে।

(৮) কমিউনিটি সেন্টার/ নাট্যমঞ্চ/মিলনায়তন ইত্যাদি প্রতিষ্ঠানসমূহ যে কোন সময়ে/ অবস্থায় কর্পোরেশনের উর্ধতন কর্মকর্তাবৃন্দ পরিদর্শণ করতে পারবেন।

(৯) কমিউনিটি সেন্টার/ নাট্যমঞ্চ/ মিলনায়তনেগুলোতে কর্পোরেশনের নিজস্ব যানবাহন ও অনুষ্ঠান চলাকালীন সময়ে ব্যবহারকারীগনের যানবাহন ব্যতীত অন্য কাহারও ব্যক্তিগত বা কোন প্রতিষ্ঠানের যাবাহন রাখা যাবে না। অনুষ্ঠান চলাকালীন ... কোন ব্যক্তিগত প্রতিষ্ঠানের যানবাহন কমিউনিটি সেন্টারে/ নাট্যমঞ্চ/

(১০) কমিউনিটি সেন্টার/ নাট্যমঞ্চ/ মিলনায়তন সমূহের আঙ্গিনায়/ মাঠে সকল প্রকার খেলাধুলা নিষিদ্ধ।

(১১) কমিউনিটি সেন্টার ব্যবহারকারীগণ কর্তৃক নিয়োজিত ডেকোরেশন প্রতিষ্ঠান/ আলোকসজ্জা প্রতিষ্ঠান কমিউনিটি সেন্টারে নিয়োজিত কেয়ারটেকারের সাথে পরামর্শ করে তাদের ডেকোরেশন কার্যাদি সম্পাদন করতে বাধ্য থাকবেন। কমিউনিটি সেন্টারের কোন প্রকার ক্ষতি/ বৈদ্যুতিক লাইনের কোন ক্ষতি হলে ডেকোরেশন প্রতিষ্ঠান/আলোক সজ্জা প্রতিষ্ঠান তা মেরামত/ নতুন করে সংযোজন করে দিতে বাধ্য থাকবেন।

(১২) কমিউনিটি সেন্টার/নাট্যমঞ্চ/মিলনায়তনে ইত্যাদির বৈদ্যুতিক ও পানির আলাদা মিটার থাকতে হবে।

(১৩) কর্পোরেশনের কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং তাদের ছেলে-মেয়ে, ভাই-বোনদের বিবাহ, খাৎনা ইত্যাদি অনুষ্ঠানের জন্য নির্ধারিত মূল ভাড়ার অর্ধেক ভাড়ায় বিভাগীয় প্রধানগনের সুপারিশের ভিত্তিতে প্রধান নির্বাহী কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ কমিউনিটি সেন্টার (যদি খালি থাকে) ব্যবহারের অনুমতি প্রদান করতে পারবেন।

(১৪) সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলারের সুপারিশক্রমে দুঃস্থ অসহায় ও বিত্তহীন পরিবারের অনুষ্ঠানাদিতে মাসে ১(এক)টি অনুষ্ঠান মূল ভাড়ার অর্ধেক ভাড়ায় কমিউনিটি সেন্টার ব্যবহারের জন্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ অনুমতি প্রদান করতে পারবেন, তবে, অন্যান্য ইউটিলিটি/ভ্যাট/ট্যাক্স পরিশোধ করতে হবে।

(১৫) প্রতিটি কমিউনিটি সেন্টারের জন্য পৃথক বৈদ্যুতিক মিটার ও পানির লাইন থাকবে। কমিউনিটি সেন্টারের বৈদ্যুতিক ও পানির লাইন থেকে অন্য কোন স্থাপনায় অবৈধভাবে বৈদ্যুতিক ও পানির লাইন নেয়া/ দেয়া হলে সংশ্লিষ্ট কমিউনিটি সেন্টারের কেয়ারটেকারর দায়ী হবেন। কেয়ারটেকার যদি উহা বন্ধের ব্যবস্থা গ্রহণ না করেন বা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করেন তা হলে তার বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলার জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৬) বুকিং এর পরে বিশেষ কোন কারণে হল ব্যবহারকারীগন অনুষ্ঠান না করতে চাইলে টাকা ফেরৎ পাওয়ার জন্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা বরাবর উপযুক্ত কারণ দর্শিয়ে আবেদন করতে পারবেন। যদি হল বুকিং তারিখের ১ (এক) মাস পূর্বে আবেদন করা হয় তবে মূল ভাড়ার ১০০%, যদি হল বুকিং তারিখের ১৫ (পনের) দিন আগে আবেদন করা হয় তখন মূল ভাড়ার ৫০% অর্থ আবেদনকারীকে ফেরৎ প্রদানের ব্যবস্থা করা যাবে। কিন্তু যদি হল বুকিং তারিখের পূর্ববর্তী ১৫ (পনের) দিনের কম সময়ের মধ্যে আবেদন করা হয় তা হলে আবেদনকারী কোন অর্থ ফেরৎ পাবেন না।

(১৭) বিশেষ কোন কারণ বশতঃ কমিউনিটি সেন্টার ব্যবহারকারীগণ অনুষ্ঠানের তারিখ পরিবর্তন করতে চাইলে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা বরাবর উপযুক্ত কারণ দর্শিয়ে আবেদন করতে পারবেন। হল বুকিং তারিখের এর ১(এক) মাসের মধ্যে আবেদন করা হলে হল খালি থাকা সাপেক্ষে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ মূল ভাড়ার ১০% হারে ফিস আদায় পূর্বক তারিখ পরিবর্তনের বিষয়টি বিবেচনা করতে পারবেন। তবে, ১(এক) মাসের পরে আবেদন করা হলে তারিখ পরিবর্তনের বিষয়টি বিবেচনা করার কোন অবকাশ থাকবে না। সে ক্ষেত্রে জামানতের সমূদয় অর্থ বাজেয়াপ্ত হবে।

(১৮) কমিউনিটি সেন্টারসমূহের অভ্যন্তরে কোন অসামাজিক/বেআইনী কার্যক্রম সংঘটিত হলে সংশ্লিষ্ট কমিউনিটি সেন্টারের কেয়ারটেকার তাৎক্ষনিকভাবে উর্ধবতন কর্তৃপক্ষকে অবহিত করাপূর্বক দায়ী ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট থানাকে অবহিত করবেন। হল ব্যবহারকারীগণ কোন অবস্থাতেই উচ্চস্বরে গানবাজনা/বাদ্যযন্ত্র, বা অন্য কোন জন দুর্ভোগ সৃষ্টিকারী কার্যক্রম বা আইন পরিপন্থি বা অন্যের ক্ষতি করে এমন কোন বে-আইনী কার্যকলাপ পরিচালনা করতে পারবেন না।

(১৯) অনুষ্ঠান চলাকালীন সময়ে কমিউনিটি সেন্টারসমূহে ধুমপান সম্পূর্নরুপে নিষিদ্ধ থাকবে।

(২০) কমিউনিটি সেন্টার/নাট্যমঞ্চ/মিলনায়তন ইত্যাদির প্রতি ৩ (তিন) বছর অন্তর অন্তর ভাড়া ও ইউটিলিটি সার্ভিস চার্জসমূহ বৃদ্ধির জন্য নিম্নোক্ত ৫(পাঁচ) সদস্যের কমিটি কর্তৃক সেন্টারের উন্নয়নকল্পে সার্বিক ব্যয় বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে ভাড়া ও অন্যান্য চার্জ বৃদ্ধির হার যাচাই-বাছাই করে সুপারিশ করবেন। প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা অবশ্যই নিয়মিত সময়ের মধ্যে উক্ত কমিটির সভা আহবানের ব্যবস্থা নিবে।

| | | |
|---|---|---|
| সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ঃ | আহবায়ক |
| প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ঃ | সদস্য |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ঃ | সদস্য |
| | ঃ | সদস্য |

(২১) কমিউনিটি সেন্টারের আয়-ব্যয় , আর্থিক শৃংখলা এবং ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ কর্তৃক অর্ধ-বার্ষিক ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে পেশ করবেন ।

(২২) কমিউনিটি সেন্টার ব্যবহারকারীগণ রন্ধন কার্যক্রমটি কোন অবস্থাতেই নির্দিষ্ট পাকঘর ব্যতীত বাহিরে যত্রতত্র পরিচালনা করতে পারবেন না ।

(২৩) কমিউনিটি সেন্টার/নাট্যমঞ্চ/মিলনায়তনগুলোতে সাধারণত বিবাহ, বৌভাত, খাৎনা, জন্মবার্ষিক, মৃত্যুবার্ষিকী, সাংস্কৃতিক অনুষ্ঠান, নাটক, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি অনুষ্ঠানাদি করার পর্যাপ্ত স্থান সংকুলানের পরে, অন্যান্য কমিউনিটি সেবা, যেমন, শরীর চর্চা কেন্দ্র, সংগীত শিক্ষা কেন্দ্র, কাউন্সিলর কার্যালয় ইত্যাদি কর্তৃপক্ষের অনুমতিক্রমে স্থাপন করা যেতে পারে ।

(২৪) সংরক্ষিত ক্ষমতা ঃ- রাষ্ট্রীয় বা সিটি করপোরেশনের জরুরী প্রয়োজনে যে কোন অনুষ্ঠান কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে কমিউনিটি সেন্টার/নাট্যমঞ্চ/মিলনায়তন ইত্যাদির ভাড়া প্রদান সাময়িকভাবে বন্ধ রাখতে পারবেন বা যে কোন বরাদ্দ বাতিল করতে পারবে ।

এই নীতিমালা জারি করার পরে, পূর্বে জারীকৃত কমিউনিটি সেন্টার/নাট্যমঞ্চ/সাংস্কৃতিক কেন্দ্র/মিলনায়তন পরিচালনা সংক্রান্ত সকল নীতিমালা বাতিল বলে গণ্য হবে । পরবর্তীতে নীতিমালার কোন সংশোধন, পরিবর্তন ও সংযোজনের প্রয়োজনীয়তা দেখা দিলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও সংযোজন করা যাবে ।

স্বাক্ষরিত/-
০৩/০৬/২০১২ খ্রিঃ
(মোঃ সামসুজ্জামান)
(যুগ্ম-সচিব)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৪.০০.১৫৬৯.২০১২/৫৮৪(৮০) তারিখঃ ০৬/০৬/২০১২ খ্রিঃ

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১ । সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২ । সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল.........., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।
৩ । সকল বিভাগীয়/ উপ-বিভাগীয় প্রধান.................................................. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।
৪ । প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।
৫ । সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।
৬ । সকল সমাজকল্যান কর্মকর্তা, কেন্দ্র/অঞ্চল.........., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।
৭ । সকল সহকারী সমাজকল্যান কর্মকর্তা, অঞ্চল.........., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।
৮ । সচিবের ব্যক্তিগত সহকারী ।
৯ । কেয়ার টেকার, ..........................................................কমিউনিটি সেন্টার ।
১০ । অফিস অনুলিপি ।
১১ । অফিস কপি (৪৬.২০৭.০০০.০৪.০০.১৫৬৯.২০১২, তাং-০৮/০৩/২০১২খ্রিঃ) ।

সহকারী সচিব
সাধারণ প্রশাসন শাখা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।